# অ্যাবডোমিনাল অ্যাওর্টিক অ্যানিউরিজম (AAA) এর জন্য এনএইচএস স্ক্রিনিং

## আমরা যেভাবে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করি

## (যেটিকে কখনো কখনো ব্যক্তিগত উপাত্তও বলা হয়)

আমরা আপনার ব্যক্তিগত তথ্য যেভাবে ব্যবহার করি সেটি আপনি বুঝতে পারা গুরুত্বপূর্ণ। এই কার্ডটি পড়ুন এবং যদি আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে তাহলে সাথে সাথে আমাদের জানান।

যেহেতু আপনি একজন জিপির সাথে নিবন্ধিত আছেন, আপনি ইংল্যান্ডে এনএইচএস প্রোগ্রামের অংশ হিসেবে অ্যাবডোমিনাল অ্যাওর্টিক অ্যানিউরিজম (AAA) স্ক্রিনিংয়ের জন্য যোগ্য। আমাদের নীতিতে পরিবর্তন হলে ভবিষ্যতে আরও স্ক্রিনিংয়ের জন্য আমরা আপনার সঙ্গে আবার যোগাযোগ করা এর অন্তর্ভুক্ত হতে পারে। আপনার যত্নের অংশ হিসেবে, স্ক্রিনিং বা পরবর্তী তদন্ত ও চিকিৎসার সঙ্গে জড়িত এনএইচএস স্বাস্থ্যসেবা পেশাদারদের কাছে আমরা তথ্য সরবরাহ করতে পারি।

আমাদের একটি নিরাপদ ও কার্যকর স্ক্রিনিং সেবা প্রদান করতে সাহায্য করার জন্য, আমরা আমাদের কম্পিউটার সিস্টেমে (জাতীয় AAA স্ক্রিনিং সিস্টেম) আপনার এবং স্ক্রিনিং ক্লিনিকে আপনার ভিজিট সম্পর্কে তথ্য সংরক্ষণ করি। এই তথ্যের মধ্যে রয়েছে আপনার স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নের উত্তরগুলো, আপনার অ্যাওর্টার ছবি এবং ক্লিনিকে আমরা যে পরিমাপ রেকর্ড করেছি।

আমরা নিম্নলিখিত কাজগুলো করব:

1. জাতীয় AAA স্ক্রিনিং সিস্টেমে আপনার ব্যাপারে এবং স্ক্রিনিং ক্লিনিকে আপনার ভিজিটের তথ্য সংরক্ষণ করব এবং নিরাপদ ও কার্যকর স্ক্রিনিং সেবা দেওয়ার জন্য এই তথ্য ব্যবহার করব।
2. আপনার যদি AAA ধরা পড়ে, তাহলে আপনার ব্যক্তিগত তথ্য ন্যাশনাল ভাসকুলার রেজিস্ট্রি (NVR) এর মাধ্যমে একজন ভাসকুলার সার্জনের সঙ্গে শেয়ার করব। পুরুষরা যেন প্রয়োজনে সময়মতো এবং উচ্চমানের চিকিৎসা পান, তা নিশ্চিত করার জন্য আমাদের এটি করতে হবে।
3. গবেষণার উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহারের অনুমতি আমাদের দিতে আপনি রাজি কি না, তা জানতে চাইব।

আপনি যদি এই স্ক্রিনিংয়ের প্রস্তাব গ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলে আমরা যে আপনার সঙ্গে যোগাযোগ করেছি  তার প্রমাণ হিসেবে আমরা একটি রেকর্ড সংরক্ষণ করব, এবং আপনি যে স্ক্রিনিং করাননি তা আপনার জিপিকে জানানো হতে পারে।

AAA স্ক্রিনিঙের ব্যাপারে আরো তথ্যের জন্য NHS.UK দেখুন: www.nhs.uk/aaa.

24 এপ্রিল 2025 সালে হালনাগাদকৃত